# আল-আকসায় ঢুকে প্রার্থনা করলেন শত শত ইসরায়েলি



ছবি: সংগৃহীত

অধিকৃত পূর্ব জেরুজালেমের পবিত্র আল-আকসা মসজিদ প্রাঙ্গণে রোববার (১৩ সেপ্টেম্বর) সকালে প্রায় ৫০০ ইসরায়েলি বসতি স্থাপনকারী প্রবেশ করেছে বলে জানিয়েছে জেরুজালেম গভর্নরেট। সেখানে তারা প্রার্থনা ও বিভিন্ন ধর্মীয় আচার পালন করে।

সকালে কয়েক দফায় বসতি স্থাপনকারীরা প্রাঙ্গণে ঢোকে। এ ঘটনাকে কেন্দ্র করে আল-আকসা ও পুরোনো শহর এলাকায় নিরাপত্তা জোরদার করে ইসরায়েলি বাহিনী।

আল-আকসা প্রাঙ্গণে অমুসলিমদের প্রার্থনা ও ধর্মীয় আচার পালনের অনুমতি নেই। এরপরও বসতি স্থাপনকারীরা সেখানে ধর্মীয় আনুষ্ঠানিকতা পালন করেছে বলে জানিয়েছে জেরুজালেম গভর্নরেট।

শুক্রবার (১১ সেপ্টেম্বর) ইহুদিদের নববর্ষ রোশ হাশানাহ শুরু হওয়ায় আল-আকসায় বসতি স্থাপনকারীদের প্রবেশ নিয়ে নতুন করে উত্তেজনা দেখা দিয়েছে।

জেরুজালেম গভর্নরেটের অভিযোগ, এসব ঘটনা নিয়ে ইসরায়েলি সংবাদমাধ্যমে তথ্য-নিয়ন্ত্রণের পরিস্থিতি তৈরি হয়েছে। এতে আল-আকসায় নতুন কোনো বাস্তবতা প্রতিষ্ঠার চেষ্টা চলছে কি না, তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।

ইসলামের তৃতীয় পবিত্রতম স্থান আল-আকসা দীর্ঘদিন ধরেই ইসরায়েলি ও ফিলিস্তিনিদের বিরোধের অন্যতম কেন্দ্র। মসজিদটির নিয়ন্ত্রণ ও সেখানে প্রার্থনার অধিকার নিয়ে বিরোধ জেরুজালেম সংঘাতের অন্যতম স্পর্শকাতর বিষয়।